

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
সমন্বয়-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.১৭৫/১

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩০

০৯ মে ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) এপ্রিল/২০২৩  
মাসের প্রতিবেদন প্রেরণ

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ  
প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত এপ্রিল/২০২৩ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

*Handwritten signature*

৯-৫-২০২৩

মো: আলী হায়দার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১০৮৩

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

ইমেইল: csmoys66@gmail.com

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**  
**অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন**  
**মাসের নাম: এপ্রিল/২০২৩**

মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা র নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+ ২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
	পত্র/দ রখাস্ত যোগে	অনলাই নে					
১	২	৩	৪	৫	৬	৭	৮
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	-	-	-	-	-	-	-
যুব উন্নয়ন অধিদপ্তর	-	২	২	২	<p>০১। অভিযোগকারী: জনাব চিন্ময় দেব নাথ, মোবাইল নং- ০১৭৯৮৫৩১০১৭, যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ট্রেনিং এর মাধ্যমে কর্মসংস্থান ব্যাংক থেকে লোন সম্পর্কিত অভিযোগ করেন। (যুব ঋণ সংক্রান্ত)</p> <p>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব চিন্ময় দেব নাথ- এর সাথে টেলিফোন যোগে যোগাযোগ করা হয়েছে। (তার মোবাইল নং- ০১৭৯৮৫৩১০১৭) তিনি জানিয়েছেন, তিনি কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ গ্রহণ করতে ইচ্ছুক কিন্তু কোনো সহায়তা পাচ্ছেন না। এ প্রেক্ষিতে তাকে জানানো হয়েছে যে, যুব ঋণ সহায়তা পেতে হলে অন্যতম প্রধান শর্ত যুব প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। উপজেলা পর্যায়ে ০৭ থেকে ১৪ দিন মেয়াদি অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে স্থানীয় চাহিদার ভিত্তিতে যেকোনো বিষয়ের প্রশিক্ষণ কোর্স গ্রহণ করার সুযোগ রয়েছে। জেলা পর্যায়ে ০১ থেকে ০৬ মাস মেয়াদি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স (আবাসিক/অনাবাসিক) গ্রহণের সুযোগ রয়েছে। যে কোনো প্রশিক্ষণ কোর্স গ্রহণ করার পর প্রশিক্ষিত যুবরা যুব উন্নয়ন অধিদপ্তর থেকে যুব ঋণ গ্রহণের আবেদন করতে পারেন। নির্ধারিত শর্তাবলীর আলোকে আবেদন যাচাই-বাছাই পূর্বক যুব ঋণ সহায়তা প্রদান করা হয়ে থাকে। একইভাবে কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ পেতে হলেও যুব প্রশিক্ষণের সনদ আবেদনের সাথে দাখিল করতে হবে। এ বিষয়টিও তাকে জানানো হয়েছে। একই সাথে তাকে পরামর্শ দেওয়া হয়েছে জেলা/উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় অফিসের সাথে যোগাযোগ করে তার কাঙ্ক্ষিত প্রশিক্ষণ গ্রহণ করার। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য।</p> <p>০২। অভিযোগকারী: মোঃ মাস্টনউদ্দিন হাওলাদার মহিন, মোবাইল নম্বর- ০১৮২৪৯২২৯০০, সঠিক পরিমান ভাতা না পাওয়ার বিষয়ে অভিযোগ করেন। (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত)</p> <p>অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম এর সঙ্গে কথা হয়েছে। তিনি জানিয়েছেন, ৬ষ্ঠ ব্যাচের টাকা প্রদানের তারিখ ছিল ২৮/০২/২০২৩ খ্রি। তিনি আরো জানান, প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণের ভাতা সঠিকরূপে গ্রহণ করেছেন। অভিযোগকারী জনাব মোঃ মাস্টনউদ্দিন হাওলাদার মহিন এর মোবাইল নম্বর এ যোগাযোগ করা হলে তিনি জানান যে, দাখিলকৃত অভিযোগটি তিনি দাখিল করেননি। অন্য কেউ তার নাম ব্যবহার করে অভিযোগটি করে থাকতে পারে। অভিযোগটি মিথ্যা, কারণ তিনি যথাসময়ে ভাতা গ্রহণ করেছেন। তিনি লিখিত ভাবেও তা অবহিত করেছেন। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য।</p>		

মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা র নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+ ২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
	পত্র/দ রখাস্ত যোগে	অনলাই নে					
১	২	৩	৪	৫	৬	৭	৮
জাতীয় ক্রীড়া পরিষদ	-	-	-	-	-	-	-
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান	-	-	-	-	-	-	-
ক্রীড়া পরিদপ্তর	-	-	-	-	-	-	-
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট	-	-	-	-	-	-	-
বঙ্গবন্ধু ক্রীড়া সৈন্য কল্যাণ ফাউন্ডেশন	-	-	-	-	-	-	-